

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা
www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০৮.৯৯.০০৪.২৩- ৭৬৫

তারিখ: ০৩/০১/২০২৪

বিষয়: মাসিক কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার আবেদন নিষ্পত্তিতে সেবা সহজীকরণ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে ১২ ডিসেম্বর ২০২৩ তারিখে ভারুয়াল প্ল্যাটফর্মে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাসিক কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার আবেদন নিষ্পত্তিতে সেবা সহজীকরণে নিম্নবর্ণিত সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়:-

ক) বিভাগীয় কার্যালয়ের পরিচালকগণকে স্ব স্ব বিভাগের আবেদন যাচাই-বাছাইকারী হিসেবে নিযুক্ত করার ক্ষমতা প্রদান করতে হবে;

খ) আবেদন অনুমোদনের পর এর অন্তর্ভুক্ত প্রত্যেকটি সেবার মঞ্জুরিকৃত অনুদানের পরিমাণ সুনির্দিষ্টভাবে সেবাগ্রহীতার নিকট ক্ষুদেবার্তার মাধ্যমে অবহিত করতে হবে;

গ) মৃত কর্মচারীর ওয়ারিশগণের মধ্যে এক বা একাধিক ওয়ারিশ নিজে কল্যাণ-যৌথ-দাফনের আবেদন না করলে এবং অন্যকে ক্ষমতা প্রদান না করলে প্রাপ্যতা অনুযায়ী তার অংশ কর্তনপূর্বক যিনি আবেদন করেছেন তার অংশটুকু (আংশিক অনুদান/partial payment) প্রদানের ব্যবস্থা করতে হবে;

ঘ) ০৩ বছরের অধিক এবং ০৫ বছরের মধ্যে প্রাপ্ত মাসিক কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের আবেদনসমূহ বিলম্বে প্রেরণের ব্যাখ্যা এবং সুপারিশসহ সুনির্দিষ্ট প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০২। বর্ণিত অবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ড. মোঃ জিয়াউদ্দীন)

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ০২-৮৩৯২৫৬৭

ইমেইল: adg@bkkb.gov.bd

পরিচালক

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

বিভাগীয় কার্যালয়,


ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়সিংহ

নং ০৫.৮১.০০০০.০০৮.৯৯.০০৪.২৩- ৭৬৫

তারিখ: ০৩/০১/২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

১. পরিচালক (প্রশাসন/উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাপরিচালক(সচিব) এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. উপপরিচালক (উন্নয়ন/অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সহকারী পরিচালক (প্রশাসন/কর্মসূচী/কল্যাণ/চিকিৎসা সেবা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা (কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার-১ ও ২, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. অফিস কপি।



(রাসেল মনজুর)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ৪৮৩১০৮০৫

ই-মেইল: ddadmin@bkkb.gov.bd